

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়  
ঢাকা

স্মারক নং-০০.০১.০০০০.৫০২.০১.০৩১.২০-

তারিখ:

সূত্র: দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার স্মারক নং-০০.০১.০০০০.১০৩.৩৫.০৬৩.০৭ (অংশ-৭)/৩১০৬৭(১২০)তাং ০৫.৮.১৯ খ্রি.

আদেশ

সূত্রে বর্ণিত স্মারকে আদিষ্ট হইয়া জানানো যাইতেছে যে,

যেহেতু প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অনুসন্ধান করিয়া দুর্নীতি দমন কমিশনের স্থির বিশ্বাস জন্মাইয়াছে যে, আপনি জনাব জাকির হোসেন দিপু (৪২), পিতা-মোঃ আবু তাহের ভূইয়া, ঠিকানা: বাসা নং-২৯, রোড নং-০১, ব্লক-এ, সেকশন-০১, মিরপুর, থানা-শাহআলী, ঢাকা আপনার জ্ঞাত আয়ের বহির্ভূত স্বনামে/বেনামে বিপুল পরিমাণ সম্পদ/সম্পত্তির মালিক হইয়াছেন।

সেহেতু, দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫ নং আইন) এর ধারা ২৬ এর উপ-ধারা (১) দ্বারা অর্পিত ক্ষমতাবলে আপনি জনাব জাকির হোসেন দিপু-কে আপনার নিজের, আপনার স্ত্রীর এবং আপনার উপর নির্ভরশীল ব্যক্তিবর্গের স্বনামে/বেনামে অর্জিত যাবতীয় স্থাবর/অস্থাবর সম্পত্তি, দায়-দেনা, আয়ের উৎস ও উহা অর্জনের বিস্তারিত বিবরণী অত্র আদেশ প্রাপ্তির ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে এতদসঙ্গে প্রেরিত ছকে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করিতে নির্দেশ দেওয়া যাইতেছে। নির্ধারিত সময়ের মধ্যে সম্পদ বিবরণী দাখিল করিতে ব্যর্থ হইলে অথবা মিথ্যা বিবরণী দাখিল করিলে উপরি-উক্ত আইনের ধারা ২৬ এর উপ-ধারা (২) মোতাবেক আপনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হইবে।

সংযুক্ত: বর্ণনামতে সম্পদ বিবরণী ফরম-১ ফর্দ (ফরম নং-০০০৪১৮৯)  
(প্রয়োজনবোধে নির্ধারিত ফরমের সাথে অতিরিক্ত কাগজ সংযোজন করিয়া  
তথ্যাদি সরবরাহ করা যাইবে)।

জনাব জাকির হোসেন দিপু  
পিতা-মোঃ আবু তাহের ভূইয়া  
ঠিকানা: বাসা নং-২৯, রোড নং-০১, ব্লক-এ,  
সেকশন-০১, মিরপুর, থানা-শাহআলী, ঢাকা।

স্বাক্ষরিত/-  
সৈয়দ ইকবাল হোসেন  
পরিচালক (বি: অনু: ও তদন্ত-২)  
ফোন: ০২-৪৮৩২২২৭৯  
e-mail: d.sp.investigation2@acc.org.bd

স্মারক নং-০০.০১.০০০০.৫০২.০১.০৩১.২০-

২২৭৫৬/২(৮)

তারিখ: ১৪/৮/২২

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (পর্যবেক্ষণ ও বিশারদ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
২. চেয়ারম্যান এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সানুগ্রহ অবগতির জন্য)।
৩. কমিশনার (অনুসন্ধান/তদন্ত) এর একান্ত সচিব (মাননীয় কমিশনারের সানুগ্রহ অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. উপপরিচালক, দৈনিক ও সাম্প্রতিক অভিযোগ সেল, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. জনাব মোঃ আলী আকবর, উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, নিয়ন্ত্রণ কক্ষ, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. অফিস নথি।

১১.০৮.২০২২  
মির্জা জাহিদুল আলম  
উপপরিচালক(বি: অনু: ও তদন্ত-২)  
ফোন: ০২-৪৮৩১৭৩৯৬  
e-mail: dd.sp.investigation2@acc.org.bd